

## সূচি পত্র

সম্পাদকীয়

৮

মূলপ্রক্রিয়া

ইসলামী চিন্তার উৎপত্তি ও ক্রমবিকাশ

৯

প্রফেসর ড. উমর তুরকের

অনুবাদ : বুরহান উদ্দিন

বিশেষপ্রক্রিয়া

পাঞ্চাত্যে বসবাসরত মুসলমানদের ক্রিটিক্যাল চিন্তার গুরুত্ব

২৩

প্রফেসর ড. তারিক রামাদান

অনুবাদ : রিয়াজ আহমেদ

পাঞ্চাত্য সভ্যতার চ্যালেঞ্জ ও ইসলাম

৩৭

প্রফেসর ড. সাইয়েদ হোসেইন নাসর

অনুবাদ : নূরগুল আমীন জাওহার

সীরাত

মর্যাদা ও গৌরবের উৎস মহানবী (স.)

৫৯

আল্লামা ড. মুহাম্মদ ইকবাল

অনুবাদ : প্রফেসর ড. সাইদুল হক

রাজনীতি

ইসলামী সভ্যতায় রাজনীতি ও ইবনে খালদুনের রাজনৈতিক বৃত্ত

৬৫

হাসান আল ফিরদাউস

অ র্থ নী তি		
শোষণ ও পুঁজিবাদ		৭৭
সায়েম মুহাইমিন		
 না রী		
নারীর রাষ্ট্রীয় নাগরিকত্ব		৮৭
ড. ফারজানা মাহবুবা		
 কৃ ষি		
জিএমও (GMO) : আশীর্বাদ নাকি অভিশাপ?		৯৫
আশিকুর রহমান সৈকত		
 উ প ম হা দে শ		
আল্লামা ইকবাল ও মুহাম্মদ আসাদ		৯৮
ফাহিমদ-উর-রহমান		
 বাংলা দে শ		
সেক্যুলাররা কেন ধর্মভিত্তিক রাজনীতির বিরোধিতা করে?		১০৩
নাজমুল হাসান		
 গ ণ ি ত		
গণিত : ইতিকথা যতকথা		১১০
আবিদ ইহসান		
 ব্য ক্তি ত		
আল মাওয়ারদী ও তাঁর চিন্তাধারা		১১৫
প্রফেসর ড. তাহসিন গরগুন		
অনুবাদ : আবু যেইনেপ		

## সম্পাদকীয়

মিহওয়ার-কক্ষপথ। জ্ঞানের বিস্তৃতির বিশালতা আমাদের চিন্তাকে মোহিত করে। নবজাগরণের উজ্জীবনী শক্তিকে পুনরায় সংজীবিত করে তোলে। পৃথিবীর অন্য দশটি বিষয়ের মতো জ্ঞানও একটি কক্ষপথের উপর নির্ভরশীল। সময়ের বিবর্তনে চিন্তা স্থাবর হয়ে পড়ে। সেই চিন্তাকে গতিশীল করতে প্রয়োজন জ্ঞানের ঢাকার ঘূর্ণন। আবার সেই গতির সাথে যদি কেন্দ্রের সম্পর্ক না থাকে তবে সেই জ্ঞান বিক্ষিপ্ত চিন্তার জন্ম দিবে যার দ্বারা যুগজিজ্ঞাসার জবাব দেয়া একেবারেই অসম্ভব। কেন্দ্রের সাথে বিচ্ছিন্ন জ্ঞান সুশৃৎখল চিন্তার বিপরীতে চিন্তার বিশৃৎখলা সৃষ্টি করে। পৃথিবীর ইতিহাসে আজ পর্যন্ত যে চিন্তনশক্তি মানব ইতিহাসকে তার সর্বোচ্চ ছড়ায় নিয়ে গিয়েছিল সেই চিন্তাশক্তির উৎপত্তিখল হচ্ছে আদালত ও ইনসাফের অনন্য প্রতীক ইসলাম; যাকে কেন্দ্র করে রচিত হয়েছে জ্ঞানের কক্ষপথ।

জ্ঞানার্জন করা উচিত কম্পাসের মতো। কম্পাস যেমন একটি নির্দিষ্ট কেন্দ্রের উপর দাঁড়িয়ে ঘুরে থাকে, ঠিক তেমনি জ্ঞানার্জনও নির্দিষ্ট কেন্দ্রে দাঁড়িয়ে চারদিক থেকে আহরণ করতে হয়। একটি নির্দিষ্ট বিন্দুকে কেন্দ্র করে ঘূর্ণায়মান কম্পাসের এই গতিপথকে বলা হয় কক্ষপথ। এই কক্ষপথ হতে কক্ষচূর্ণ ঘটলে গ্রহ-নক্ষত্র যেমন মহাকাশে বিলীন হয়ে যায়; চিন্তা ও দর্শনের ক্ষেত্রেও ঠিক তেমনই। অতএব আমাদের জ্ঞান সাধনাও নির্দিষ্ট কক্ষপথেই পরিচালিত হতে হবে। যার কেন্দ্র হচ্ছে ওহী, আর কক্ষপথের ব্যাস হবে আমাদের আকল। চিন্তাস্থিত মননকে শানিত করা, চিন্তার নবায়ন ও নতুন চিন্তার পুনর্গঠনকে সামনে রেখে নতুন ধারা তৈরির প্রয়াসী হয়েছে মিহওয়ার।

বাংলার জমিনে জ্ঞানের পুনর্জাগরণের আন্দোলনকে মানুষের নিকট যৌক্তিকভাবে তুলে ধরার জন্য প্রচেষ্টা চালিয়ে যাবে ত্রৈমাসিক মিহওয়ার। ইসলামী চিন্তা ও দর্শন এবং যুগজিজ্ঞাসার জবাবকে ইসলামের মূলনীতির আলোকে বাংলা ভাষাভাষী মানুষের নিকট সুচারুরপে উপস্থাপনের মাধ্যমে প্রতিটি চিন্তাকে তার নিজস্ব কক্ষপথে ফিরিয়ে আনতেই মিহওয়ারের পথচলা। এরই ধারাবাহিকতায় আমরা বিদ্যন্ত পাঠকদের সামনে উপস্থাপন করছি মিহওয়ার প্রথম সংখ্যা।

প্রথম সংখ্যায় লিখছেন প্রথ্যাত দার্শনিক ও ইসলামী সভ্যতা বিশেষজ্ঞ প্রফেসর ড. তাহসিন গরগুন, প্রথ্যাত দর্শনশাস্ত্রবিদ প্রফেসর ড. উমর তুরকের, বাংলাদেশের প্রথ্যাত চিন্তাবিদ ফাহমিদ-উর-রহমান, কৃষিবিদ আশিকুর রহমান, ড. ফারজানা মাহবুবা, তরুণ চিন্তক নাজমুল রেজা ও আবিদ ইহসানসহ অনেকেই। বিশেষভাবে অনুদিত হয়েছে আল্লামা ড. মুহাম্মদ ইকবাল, ড. সাইয়েদ হোসাইন নাসর এবং প্রফেসর ড. তারিক রমাদানের বিশেষ প্রবন্ধ। সময়ের সেরা চিন্তাবিদগণের লেখনী অনুবাদ করেছেন বুরহান উদ্দিন, ড. সাইদুল হক, রিয়াজ আহমেদ ও আবু যেইনেপ।

মহান প্রভুর নিকট আমাদের চাওয়া, জ্ঞানের পুনর্জাগরণ ও নতুন ধারা তৈরির আন্দোলনে আমাদের ক্ষুদ্র প্রচেষ্টাটুকু যেন সামান্যতম হলেও অবদান রাখতে পারে।